শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

দানিয়েল ও রহস্যজনক স্বপ্ন



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Jonathan Hay
Alastair Paterson
অভিযোজন: Mary-Anne S.
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2022 Bible for Children, Inc.
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

রাজা নবূখদনিৎসর একটা স্বপ্ন দেখলেন। আর এই স্বপ্ন তাকে অস্বস্তিতে ফেলল। ঈশ্বরের শক্তির দ্বারা দানিয়েল রাজার স্বপ্নের অর্থ বলতে সমর্থ হল।



প্রথম বিষয় দানিয়েল যা করলেন, তা হল স্বপ্নটা সঠিকভাবে ব্যাখ্যা করলেন। “আপনি একটা বড়ো প্রতিমার মূর্তি দেখেছেন, এর গঠন অস্বাভাবিক ছিল”।

দানিয়েল বলতে থাকল, “মূর্তির মাথাটা ছিল সোনার তৈরি”।



“এর বুক আর বাহু
হল রুপোর তৈরি”।



“এর পেট ও ঊরু ব্রোঞ্জের তৈরি”।



“এর পাগুলো লোহার তৈরি, এর আঙ্গুলগুলো কিছুট লোহা ও মাটি দিয়ে তৈরি”।



রাজাকে প্রতিমার বিষয় সমস্ত ব্যাখ্যা করার পর, দানিয়েল বাকি স্বপ্নের কথা বললেন।

দানিয়েল রাজাকে বলল, “আপনি দেখেছেন হাত ছাড়া একটি পাথর কাটা হয়েছিল।”



“পাথরটা সেই প্রতিমার মূর্তির লোহার ও মাটির পায়ে আঘাত করল ও খণ্ডখণ্ড করে ভেঙ্গে দিল”।



দানিয়েল থামল, “তারপর মূর্তিটা ভেঙ্গে ধুলোতে চূর্ণ হয়ে হাওয়াতে উড়ে গেল। এবং সেই পাথরের চূর্ণগুলো একটা পাহাড়ের রূপ নিয়ে সমস্ত পৃথিবীকে পরিপূর্ণ করল।”

রাজা বিস্মিত হয়ে গেল। রাজা যে স্বপ্ন দেখেছিলেন, কীভাবে দানিয়েল ওটা জানল? কারণ ঈশ্বর দানিয়েলকে বলেছিলেন। তারপর দানিয়েল রাজা নবূখদনিৎসরকে বলতে শুরু করলেন এর মানেটা কী?





দানিয়েল রাজাকে বলল, “স্বর্গের ঈশ্বর আপনাকে একটা রাজ্য, পরাক্রম ও মহিমা দিয়েছেন। আপনি সেই সুবর্ণ মাথা”।

দানিয়েল রাজাকে বলল যে, তার স্বর্ণময় রাজত্ব শেষ হয়ে যাবে। আর রুপোর মূর্তির অর্থ হল যে, দুর্বল রাজত্ব তার রাজ্য অধিগ্রহণ করবে। ব্রোঞ্জের অর্থ হল আর একটি রাজ্য এবং লোহা ও মাটির অর্থ হল চতুর্থ রাজ্য।



শেষ কথা দানিয়েল যা রাজাকে বললেন, “স্বর্গের ঈশ্বর একটা রাজ্য তৈরি করবেন, যা কোনওদিন নষ্ট হবে না”।



রাজা স্বীকার করল যে, ঈশ্বরই একমাত্র দানিয়েলকে জ্ঞান দিয়ে তার স্বপ্ন বোঝার ও তার মানে বার করতে পারেন। নবূখদনিৎসর দানিয়েলকে মূল্যবান পুরস্কার দিলেন ও তার রাজ্যে একজন গুরুত্বপূর্ণ ব্যক্তির পদ দিলেন।

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় রাজ্য এসেছে ও চলে গেছে। ঈশ্বরের রাজ্য আসছে চতুর্থ রাজ্যের পর।

মশীহ এই পৃথিবীতে রাজত্ব করবেন ও সেটা খুব শীঘ্র হচ্ছে।

দানিয়েল ও রহস্যজনক স্বপ্ন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

দানিয়েল ২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬